তারিখ · 3 0 APR 2016
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

দৈনিক ইত্তেফাক

# দুর্গাপুর স্কুল ও কলেজে শ্রেণিকক্ষ সংকট

■ সিংড়া (নাটোর) সংবাদদাতা

সিংড়ায় শ্রেণিকক্ষ সংকটে দুর্গাপুর আইডিয়াল টেকনিক্যাল স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের খোলা আকাশের নিচে ক্লাস করতে হচ্ছে। তাছাড়া সম্প্রতি ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ভবনে চলছে পাঠদান।

শিক্ষকদের ঐকান্তিক প্রচেষ্টা এবং অধ্যক্ষের দক্ষ ব্যবস্থাপনায় বরাবরই ভালো ফলাফল করে আসলেও শ্রেণিকক্ষ সংকটের কারণে পাঠদান ব্যাহত হচ্ছে। অপরদিকে কলেজ পর্যায় এখনও এমপিও না পাওয়ায় হতাশা রয়েছে শিক্ষকদের মাঝে। এজন্য কলেজ পর্যায় এমপিও এবং নতুন ভবন নির্মাণ জরুরি বলে মনে করছে এলাকার অভিভাবক, শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ সবাই।

২০০০ সালে প্রতিষ্ঠানটির একাডেমিক শিক্ষা কার্যক্রম শুরু হয়। স্কুল ভোকেশনাল শাখা এমপিও হয় ২০০১ সালে। কলেজ শাখায় উন্নতি লাভ করে ২০১২ সালে। বর্তমানে শিক্ষক-কর্মচারী সংখ্যা ৩৩,জন। মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৮০ জন।

অধ্যক্ষ মোবারক আলী জানান, ২০০৯ সালে প্রচণ্ড ঘূর্ণিঝড়ে বিদ্যালয় পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়। পরে নিজস্বভাবে অবকাঠামো গড়ে তোলা হয়। তিন দফা ঝড়ে ব্যাপক ক্ষতি হয়। পরে প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি কিছু অনুদান দেন। সেই টাকা এবং নিজস্ব অর্থায়নে একচালা পাকাঘর নির্মাণ করা হয়। কিন্তু সম্প্রতি কয়েক দফা ভূমিকম্পে কম্পিউটার রুম, অফিস কক্ষ এবং শিক্ষক ষ্টাফ রুমে ফাটল ধরেছে। বর্তমানে ঝুঁকিপূর্ণ অবস্থায় পাঠদানসহ সকল কার্যক্রম চলছে। সরকারিভাবে সহযোগিতায় ভবন নির্মাণ জরুরি হয়ে পড়েছে।